দৈনিক জনকণ্ঠ

49

তারিখ ... ..19 MAY 1998
পৃষ্ঠা কলাম

# এইচএসসি ॥ কেন্দ্র চালু ও বাতিলের বিষয়টি শিক্ষা বোর্ডের এক্তিয়ারভুক্ত

আসন্ন এইচএসসি পরীক্ষাকে সামনে রেখে গত বছরের অব্যবস্থাপনাপূর্ণ ও ঢালাও অসদুপায় অবলম্বনকারী বাতিলকৃত কেন্দ্রসমূহ আবার চালু করার জন্য বেশ কয়েকটি জায়গায় সন্ত্রাস এবং কোথাও কোথাও নানাভাবে চাপ দেয়া হচ্ছে। পরীক্ষাকেন্দ্র বাতিল ও চালু করার বিষয়টি সম্পূর্ণভাবে শিক্ষা বোর্ডগুলোর এক্তিয়ারভুক্ত। শিক্ষা মন্ত্রণালয় এসব ক্ষেত্রে কোন হস্তক্ষেপ করে না। গত বছর এইচএসসি পরীক্ষার সময়ের বিভিন্ন প্রতিবেদন ও সরেজমিন পর্যবেক্ষণের পর এসব পরীক্ষাকেন্দ্র বাতিল করা হয়েছিল। খবর তথ্য বিবরণীর।

OF —— SHEETS